

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৫৩.১৯-১১৮

০৭ শ্রাবণ, ১৪২৬

তারিখ: ২২ জুলাই, ২০১৯

**বিষয়: শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন ইসলামিয়া কামিল মাদরাসার অধ্যক্ষ মো: আব্দুল হালিম মিয়র অবৈধভাবে নিয়োগ, অভিজ্ঞতা, এমপিও সনদগুলির সঠিকতা যাচাইকরণের জন্য তদন্ত কাজ সম্পাদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন শ্রীবরদী ইসলামিয়া কামিল মাদ্রাসা-এর অধ্যক্ষ জনাব মো: আব্দুল হালিম মিয়র অবৈধভাবে নিয়োগ, অভিজ্ঞতা, এমপিও এবং সনদপত্রগুলি সঠিক কিনা তা যাচাইকরণ বিষয়ে ও অধ্যক্ষের নিয়োগ সংক্রান্ত কোন অনিয়ম থেকে থাকলে তদন্তক্রমে তা উদঘাটনের নিমিত্তে একজন দায়িত্বশীল কর্মকর্তাকে মনোনয়নের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা আবশ্যিক।

০২। উল্লেখ্য যে, দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা তদন্তকালে নিম্নের বিষয়গুলো বিবেচনায় নিয়ে তদন্ত কাজ সম্পন্ন করলে প্রকৃত তথ্য উদঘাটনে সহায়ক হবে মর্মে প্রতীয়মান হয় :-

- ক. উক্ত অধ্যক্ষের নিয়োগ বিজ্ঞপ্তিতে শিক্ষা এবং অভিজ্ঞতা সংক্রান্ত কি কি শর্ত উল্লেখ ছিল?
- খ. উক্ত শর্তগুলো উক্ত অধ্যক্ষের পূরণকৃত ছিল কিনা?
- গ. উক্ত অধ্যক্ষের জন্য প্রযোজ্য জনবল কাঠামোতে বর্ণিত মতে নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত নির্ধারিত হয়েছিল কিনা?
- ঘ. জনবল কাঠামোর বর্ণিত মতে সকল শর্ত পূরণ করে উক্ত অধ্যক্ষ নিয়োগপ্রাপ্ত হয়েছিলেন কিনা?
- ঙ. নিয়োগ বিজ্ঞপ্তি ও জনবল কাঠামোর কোন কোন শর্ত উক্ত অধ্যক্ষের নিয়োগকালে লংঘিত হয়েছে?
- চ. উক্ত অধ্যক্ষের এমপিও ভুক্তিকালে উক্ত ঘাটতিগুলো সনাক্ত হয়েছিল কিনা?
- ছ. কিসের ভিত্তিতে উক্ত অধ্যক্ষ এমপিওভুক্ত হয়েছিলেন এবং এমপিওভুক্তি সঠিক ছিল কিনা?
- জ. নিয়োগকালে উক্ত অধ্যক্ষের কোন (শিক্ষাগত/ অভিজ্ঞতা সংক্রান্ত) যোগ্যতা ঘাটতি থেকে থাকলে তা কবে, কার দ্বারা সনাক্ত হয়েছে?
- ঝ. ত্রুটি সনাক্ত হওয়ার পর তা নিরসনের কোন পদক্ষেপ নেয়া হয়েছিল কিনা? নেয়া হয়ে থাকলে তা কি এবং কার দ্বারা ?
- ঞ. বর্তমানে উক্ত অধ্যক্ষ বিষয়ে কি করণীয়?

১৪। এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে একজন দায়িত্বশীল কর্মকর্তা দ্বারা তদন্ত সম্পন্নক্রমে সুস্পষ্ট মতামতসহ (সে সাথে ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতসহ) আগামী ২২.০৮.১৯ খ্রি: তারিখের মধ্যে তদন্ত প্রতিবেদন টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:- অভিযোগ, আবেদন এবং তৎসংশ্লিষ্ট কাগজপত্র -২৬ ফর্দ।

৫৪৭

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোন : ৯৫৭৫২৭২.

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,  
রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৫৩.১৯-১১৮

তারিখ: ০৭ শ্রাবণ, ১৪২৬  
২২ জুলাই, ২০১৯

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৪. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৫. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৬-০৭. অফিস কপি/ মাস্টার কপি।

(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)